



**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours PART-I Examinations, 2017



সময়: ৪ ঘণ্টা

বাংলা-সাম্বান্ধিক

বাংলা-দ্বিতীয় পত্র

পূর্ণমান: ১০০

আন্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। “সত্যকার নভেলে গল্লাংশ থাকে না, থাকা উচিত নয়, চিন্তাস্তোত্রের বিবরণ থাকবে”।  $5+10+5$   
—এই বক্তব্য কতদূর গ্রহণযোগ্য ? চেতনাপ্রবাহ রীতির বৈশিষ্ট্য কী কী ? এই রীতির একটি উপন্যাসের আলোচনা করে দেখাও কেন এই উপন্যাসটিকে এই বিশেষ রীতির অঙ্গভূক্ত করবে ?

অন্তর্বর্তী

নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:  $10 \times 2 = 20$

- (ক) রোমাল এবং উপন্যাসের মধ্যে মূলগত পার্থক্য কি ? দু ধরনের রচনা থেকে দুটি দ্রষ্টান্ত নিয়ে  
সংক্ষেপে বুঝিয়ে দাও।  $5+5$
- (খ) আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো। একটি সার্থক বাংলা আঞ্চলিক উপন্যাসের  
পরিচয় দাও এবং আলোচনা করে দেখিয়ে দাও কেন একে বিশিষ্ট আঞ্চলিক উপন্যাস বলা হয়েছে।  $5+1+8$
- (গ) মনস্তাত্ত্বিক উপন্যাসের বিশেষত্বগুলি আলোচনা করো। একটি ঐ শ্রেণির উপন্যাস নির্বাচন করে  
তাতে মনস্তাত্ত্বিকতার লক্ষণগুলি কীভাবে ব্যক্ত হয়েছে বুঝিয়ে দাও।  $5+5$
- (ঘ) ‘উপন্যাস’ ও ‘ছোটগল্প’ প্রকরণ দুটির তুলনামূলক আলোচনা করো।  $5+5$

২।(ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসের উপকাহিনিটি বিবৃত করে দেখাও এই উপকাহিনি সংযোজনে উপন্যাসের  
শিল্পমূল্য কতখানি বৃদ্ধি পেয়েছে।

১৫

অথবা  
প্রতাপ অথবা চন্দ্রশেখর – কাকে তুমি ‘চন্দ্রশেখর’ উপন্যাসে নায়কের মর্যাদা দেবে এবং কেন ?

৩+১২

(খ) ‘কেতকীর সঙ্গে আমার সম্বন্ধ ভালোবাসারই; কিন্তু সে যেন ঘড়ায় তোলা জল, প্রতিদিন তুলব,  
প্রতিদিন ব্যবহার করব। আর লাবণ্যের সঙ্গে আমার যে ভালোবাসা সে রইল দিঘি, সে ঘরে আনবার  
নয়, আমার মন তাতে সাঁতার দেবে।’ কেতকী ও লাবণ্য চরিত্র দুটি বিশ্লেষণ করে অভিতরে এই  
মন্তব্যের যাথার্থ্য বিচার করো।

১৫

অথবা

‘শেষের কবিতা উপন্যাসে শেষের কবিতাটি কে, কখন, কার উদ্দেশ্যে পাঠিয়েছে তার উল্লেখ করে  
উপন্যাসের নামকরণের যৌক্তিকতা বিচার করো।

১৫

(গ) ‘শ্রীকান্ত’ উপন্যাসের প্লটের গড়ন একটু ভিন্নধর্মী – উপন্যাসের কাহিনি আলোচনা করে এর প্লট  
রচনার বিশেষত্ব বিশ্লেষণ করো।

১৫

অথবা

‘কিন্তু এত বড় একটা মহাপ্রাণ আজ পর্যন্ত তুমই বা কয়টা দিতে পারিলে ?’

১+৫+৯

– উক্তিটি কার সম্পর্কে করা হয়েছে ? উপন্যাসিক কেন তাকে ‘মহাপ্রাণ’ আখ্যা দিয়েছেন ?  
মহাপ্রাণ শব্দটি উদ্বিষ্ট ব্যক্তির পক্ষে কেন এবং কতখানি প্রযোজ্য আলোচনা করো।

(ঘ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসটি শুধুমাত্র উপকথা নয়, সমাজ ও সময়ের কথাও’। বিশ্লেষণ  
করো।

১৫

অথবা

‘নসুবালা চরিত্রটি ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের একটি অন্যতম শ্রেষ্ঠচরিত্রি’। চরিত্রটি  
বিশ্লেষণ করে মন্তব্যের যাথার্থ্য বিচার করো।

১৫

৩।(ক) ‘এই পত্রকে সূত্র করিয়া বিধাতা দলনী ও শৈবলিনীর অদৃষ্ট একত্র গাঁথিলেন’ – এখানে কোন  
পত্রের কথা বলা হয়েছে ? ‘দলনী ও শৈবলিনীর অদৃষ্ট’ কীভাবে একসূত্রে গাঁথা পড়ল ?

২+৩

অথবা

‘এক বোঁটায় আমরা দুইটি ফুল, এক বনমধ্যে ফুটিয়াছিলাম – ছিঁড়িয়া পৃথক করিয়াছিলেন কেন ?’  
– উক্তিটি কার ? তিনি এই উক্তিটি কার উদ্দেশ্যে কখন করেছিলেন ? উক্তিটির তাৎপর্য নিরূপণ  
করো।

1+2+2

(খ) “এই মাত্র যে ব্যাঙ্টা টপ করে জলে লাফিয়ে পড়ল এটাও তো অনস্তকালের মধ্যে আর কোনোদিন<sup>ঘটবে না।” – উক্তিটি কার ? কার প্রতি ? কোন কথার কী জাতীয় প্রতিক্রিয়ায় বক্তা এই উক্তি  
করেছেন ?</sup>

1+1+3

অথবা

‘যে রঞ্জকে সন্তায় পাওয়া গেল তারও আসল মূল্য যে বোঝে সেই জানব জহুরি’ –  
– বক্তা কে ? কার উদ্দেশ্যে বলা হয়েছে ? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

1+1+3

(গ) “আমরা দর্জিপাড়ার ছেলে, যমকেও ভয় করিনে তা জানিস্ ?” – দর্জিপাড়ার ছেলেটি কে ? তার  
সাহসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

1+8

অথবা

“দেখিলাম, ছেলেটি তাহার বিমাতাকে সত্যিই ভালোবাসে।” – কার উক্তি ? ছেলেটি কে ?  
ছেলেটির কোন কথায় বক্তার এমন অনুভূতি হল ?

1+1+3

(ঘ) “হাঁসুলী বাঁকের কাহারেরা বলেছে, বাবুমশায়েরা ‘তরাস’ পেয়েছেন।” – ‘তরাস’ শব্দের অর্থ কি ?  
তরাস পাওয়ার কারণটি উল্লেখ করো।

1+8

অথবা

কাহারদের মধ্যে ‘আটপৌরে বা অষ্টপুরী’ কারা ? তাদের এই নামকরণের কারণ কী ?

2+3